সংবাদ

২৬২

তারিখ ২৬/১১/৮১
পৃষ্ঠা ...... কলাম ......

০৪৪

# প্রাথমিক বিদ্যালয়গুলো সরকারীকরণ করা হচ্ছে না

কোটচাঁদপুর, ২৪শে নভেম্বর (নিজস্ব সংবাদদাতা)।—যশোরের ঝিনাইদহ মহকুমার ১শ ১৬টি প্রাথমিক বিদ্যালয় দীর্ঘদিন যাবৎ সরকারীকরণ করা হচ্ছে না। ঐ সমস্ত বিদ্যালয়ে কর্মরত প্রায় ৪৫০ জন শিক্ষক নিদারুণ দারিদ্রতা, আর্থিক সংকটে দিনাতিপাত করছেন।

এলাকাবাসীর সার্বিক সহযোগিতায় এই স্কুলগুলো প্রতিষ্ঠিত হয়। একসময় সরকারীকরণের আশ্বাসও পাওয়া যায়। কিন্তু আজও তার সঠিক বাস্তব পদক্ষেপ সম্পর্কে কিছুই জানা যায়নি। অনেকে সরকারীকরণের আশায় ৫।৭ বছর বিনাবেতনে শিক্ষকতা করছেন। বর্তমানে তাদের অবস্থা আরও সংকটাপন্ন। এই দীর্ঘদিনেও তাঁদের দেয় পরিশ্রমে লালিত প্রতিষ্ঠানগুলো সরকারীকরণ হল না। ফলে আজ অনেকেই হতাশ হয়ে পড়েছেন।